কলাম ....
৩০ 2002

# আন্দারকোঠা মাদরাসায় হয় আন্ধাইরা কাম

চৌগাছা যশোর থেকে সংবাদদাতা ॥ চৌগাছা উপজেলার আন্দার কোঠা মহিলা দাখিল মাদরাসার সুপার মহশীন আলীর বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, দুর্নীতি, অর্থ আত্মসাৎ, শিক্ষকদের মধ্যে বিভেদ সৃষ্টির এক লিখিত অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে ওই মাদরাসার শিক্ষক, শিক্ষয়িত্রী এবং পরিচালনা কমিটির সদস্যরা উল্লেখ করেছেন সুপার মহশীন আলী ৯৭ সালে মাদরাসাতে যোগদান করার পর থেকে একের পর এক দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহার করে আসছেন। তিনি নিয়মিত অফিস করেন না। মাদরাসাতে না এসেও হাজিরা খাতায় সই করেন। কমিটির কোন অনুমতি ছাড়াই ইচ্ছামত যেখানে সেখানে যাতায়াত করার পর ভ্রমণ বিল করে থাকেন। এসব বিলে কমিটির সভাপতির কোন স্বাক্ষর বা মিটিংয়ে অনুমোদন হয়নি। অথচ প্রায় বিলে সভাপতি নির্বাহী অফিসারের স্বাক্ষর জাল করে বিলে সই করেছেন। মাদরাসার সকল আয় ব্যাংকে জমা রাখার নিয়ম থাকলেও তিনি ব্যাংকে ঠিকমত জমা না দিয়ে নিজের পকেটে রেখে ইচ্ছামত খরচ করে থাকেন। কোন শিক্ষক কৈফিয়ত নিতে গেলে নিজের চাকুরী ঠেকান বলে হুমকি দিয়ে থাকেন। সভাপতির সই জাল করে ব্যাংকের থেকে অনেক টাকা উত্তোলনপূর্বক আত্মসাৎ করার ব্যাপক নজির রয়েছে।

তাছাড়া মাদরাসাতে বিভিন্ন সময় শিক্ষক নিয়োগের সময় ডোনেটকৃত প্রাপ্ত ৬,১৬,৫০০/- টাকা এবং মাদরাসাতে আয়কৃত ২,৬০,৫১৭ টাকাসহ মোট ৮,৭৭,০১৬ টাকার মধ্যে ৬,২৮,৭০২ টাকা ব্যয় দেখানো হলেও বাকি ২,৪৮,৩১৪ টাকার কোন হিসাব তিনি দিতে পারেননি। সুপার যে সকল ছাত্রীদের বিয়ে হয়ে গেছে কিংবা মাদরাসা ত্যাগ করেছে অথবা পরীক্ষায় পাস করে গেছে তাদেরও নিয়মিত ছাত্রী দেখিয়ে হাজার হাজার টাকা অনিয়মতান্ত্রিকভাবে উত্তোলনপূর্বক নিজে আত্মসাৎ করেন। সুপারের এসব কার্যকলাপের শিক্ষকগণ সুষ্ঠু বিচার চেয়ে নির্বাহী অফিসার ও মাদরাসা পরিচালনা কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করার পর অভিভাবক সদস্য আজিজুর রহমানকে আহ্বায়ক করে একটি নিরীক্ষণ টিম গঠন করেন। এই কমিটি আয়-ব্যয়ের গরমিলসহ বিভিন্ন সময় ইচ্ছামত চলাফেরা করার তথ্য নির্বাহী অফিসারের কাছে জমা দিয়েছেন। নির্বাহী অফিসার পুণরায় ৫ সদস্য বিশিষ্ট একটি সরকারী কর্মকর্তা দিয়ে কমিটি গঠনপূর্বক রিপোর্ট জমা দিতে বলেছেন। এদিকে বাংলাদেশ জমিয়াতুল মুদাররেসিন চৌগাছা শাখা ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে সুপারের অন্যায়ভাবে ক্ষতি করা হচ্ছে কিনা আগামী মঙ্গলবার মাদ্রাসাতে যাবেন। তবে নির্বাহী অফিসার প্রণয় কান্তি বিশ্বাস সাংবাদিকদের বলেছেন আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।